

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.৫৭১

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২


বিজ্ঞপ্তি

বিষয়: অত্র দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর প্রদানের নিমিত্তে ০১ অক্টোবর ২০২২ তারিখের পূর্বে জমাকৃত ম্যানুয়াল চালান গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.৪৯৪; তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০২২ এর মাধ্যমে অত্র দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ বা মূল্য সংযোজন কর প্রদানের ক্ষেত্রে ০১ অক্টোবর ২০২২ তারিখ হতে ম্যানুয়াল চালান রহিত করা হয়েছিল।

২। তথাপি কিছু প্রতিষ্ঠান ০১ অক্টোবর ২০২২ তারিখের পূর্বে অত্র দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর টি.আর/ম্যানুয়াল চালানের মাধ্যমে প্রদান করেছে মর্মে পরিলক্ষিত হয়েছে কিন্তু সেবা প্রাপ্তির জন্য আবেদন করেনি।

৩। এমতাবস্থায়, অত্র দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর যে সকল প্রতিষ্ঠান ০১ অক্টোবর ২০২২ তারিখের পূর্বে টি.আর/ম্যানুয়াল চালানের মাধ্যমে প্রদান করেছেন সে সকল চালান ১৫ নভেম্বর ২০২২ পর্যন্ত অত্র দপ্তরের সেবার জন্য অনলাইনে আবেদনের সময় জমা প্রদান করে সেবাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩-১১-২০২২

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

ফোন: 02-9551556

ফ্যাক্স: 02-9550217

ইমেইল: ac1.ho@ccie.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল দপ্তর প্রধান, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২) আইটি কনসালটেন্ট, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (সিস্টেমে প্রয়োজনীয় আপডেটের অনুরোধসহ)।

৩) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।